# আল-ক্বিয়ামাহ | Al-Qiyama | ٱلْقِيَامَة

আয়াতঃ ৭৫ : ৮

## আরবি মূল আয়াত:

وَ خَسَفَ الۡقَمَرُ ﴿۸﴾

## অনুবাদসমূহ:

আর চাঁদ কিরণহীন হবে, — আল-বায়ান

চাঁদ হয়ে যাবে আলোকহীন — তাইসিরুল

এবং চক্ষু হয়ে পড়বে জ্যোতিহীন। — মুজিবুর রহমান

And the moon darkens — Sahih International

### ৮. এবং চাঁদ হয়ে পড়বে কিরণহীন(১),

(১) এখানে কেয়ামতের পরিস্থিতি বর্ণনা করা হয়েছে। অর্থাৎ যখন চক্ষুতে ধাঁধা লেগে গেল— কেয়ামতের দিন সবার দৃষ্টিতে ধাঁধা লেগে যাবে। ফলে চক্ষু স্থির কোন বস্তু দেখতে পারবে না এবং চন্দ্র জ্যোতিহীন হয়ে যাবে। [ইবন কাসীর] তাছাড়া আরেকটি অনুবাদ হচ্ছে, চন্দ্র গায়েব হয়ে যাবে, চন্দ্র বলতে কিছু আর থাকবে না। [কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

### (৮) এবং চন্দ্র জ্যোতিবিহীন হয়ে পড়বে। [1]

[1] যখন চাঁদে গ্রহণ লাগে, তখনও সে (চাঁদ) জ্যোতিবিহীন হয়ে যায়। কিন্তু যে চাঁদ কিয়ামতের নিদর্শন স্বরূপ জ্যোতিবিহীন হবে তাতে পুনরায় আর জ্যোতি ফিরে আসবে না।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5559

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন